# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 27.08.2024 Time: 7.35AM**

বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর হাসপাতালে চিকিৎসকের ধর্ষণ ও খুনের প্রতিবাদে আজ পশ্চিমবঙ্গ ছাত্র সমাজের ডাকা নবান্ন অভিযানকে ঘিরে রাজ্য রাজনীতি সরগরম। যেকোনো রকম অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে প্রস্তুত রয়েছে পুলিশ প্রশাসন।

২) আর জি করের অকুস্থলে ভিডিও ভাইরাল হওয়ার ঘটনায় চাপানোতর বাড়ছে।

৩) ধর্ষণের মত অপরাধ রুখতে এবং এধরনের মামলার দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কেন্দ্রীয় সরকার রাজ্যের জন্য ৬ টি পক্সো সহ মোট ১৭ টি বিশেষ ফাস্ট্র্যাক আদালত তৈরির অনুমতি দিলেও রাজ্য সরকার বিশেষ উদ্যোগ নেয়নি বলে কেন্দ্র জানিয়েছে।

৪) বন্ধ্যা জমিকে চাষযোগ্য করে তোলা অথবা সেখানে শিল্প গড়ার দাবি নিয়ে হুগলির সিঙ্গুরে আরো একবার আন্দোলনে নামতে চলেছেন কৃষকরা।

৫) মোহনবাগান সুপারজায়ান্ট আজ ডুরান্ড কাপ ফুটবলের দ্বিতীয় সেমিফাইনালে ব্যাঙ্গালুরু এফসির মুখোমুখি হবে।

---

আর জি কর হাসপাতালে কর্তব্যরত অবস্থায় তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের প্রতিবাদে আজ পশ্চিমবঙ্গ ছাত্র সমাজের ডাকা নবান্ন অভিযানকে ঘিরে রাজ্য

রাজনীতি সরগরম। গতকাল দফায় দফায় বৈঠক করে প্রশাসনের পক্ষ থেকে এই কর্মসূচীকে বেআইনী ঘোষণা করা হয়েছে। ছাত্র সমাজও আজকের কর্মসূচীতে অনড় বলে জানিয়ে দিয়েছে। প্রশাসন ও পাল্টা বক্তব্য নিয়ে আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

এদিকে, দুর্যোগপূর্ণ আবহাওয়ার মধ্যে আজকের নবান্ন অভিযানকে ঘিরে যাতে কোনো অপ্রীতিকর ঘটনা না ঘটে সেজন্য ৬ হাজার পুলিশ কর্মী মোতায়েন করা হয়েছে। হাওড়া যাওয়ার পথে বিভিন্ন এলাকায় ব্যারিকেড দিয়ে রাখা হচ্ছে। এমনিতেই নবান্ন সংলগ্ন চত্বরে ১৬৩ ধারা জারি থাকে। প্রয়োজন বুঝে সিদ্ধান্ত বদল করা হবে বলে কলকাতা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে। ভোর চারটে থেকে আজ রাত ১০ টা পর্যন্ত বিদ্যাসগার সেতু, খিদিরপুর রোড, ডায়মন্ড হারবার রোড, কলকাতা বন্দরের সঙ্গে সংযোগকারী ফিডার রোড সহ মধ্য কলকাতার স্ট্র্যান্ড রোড, ক্যাজুরিনা অ্যাভিনিউয়ের মত ২৪ টি রাস্তা দিয়ে পণ্যবাহী যান চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। তবে অক্সিজেন সিলিন্ডার, দুধের মত জরুরী যান চলাচলে ছাড় দেওয়া হয়েছে।

অন্যদিকে, আজ ইউজিসি নেট পরীক্ষা রয়েছে। এই কর্মসূচীর প্রেক্ষিতে যাতে কোনো সমস্যা না হয়, সেজন্য সবরকম ব্যবস্থা নিয়েছে প্রশাসন। ১০০ বা এক এক দুই নম্বরে ফোন করে পরীক্ষার্থীরা তাদের সমস্যার কথা জানাতে পারবেন। পুলিশের সঙ্গে যোগাযোগ করলে নিজেদের গাড়িতে পরীক্ষাকেন্দ্রে পৌঁছে দেওয়ারও ব্যবস্থা করা হবে বলে এডিজি আইনশৃঙ্খলা মনোজ ভার্মা জানিয়েছেন।

ছাত্র সমাজের ডাকা নবান্ন অভিযানের সঙ্গে আজ একই কর্মসূচীতে পথে নামছে সংগ্রামী যৌথ মঞ্চ। গতকাল রাতেই ধর্ণা স্থল পরিদর্শনে গিয়ে পুলিশি হেনস্থার মুখে পড়ে মঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষ। নবান্ন সভাঘরের বাসস্ট্যান্ড থেকে ভাস্কর ও তার কয়েকজন সঙ্গীকে সরিয়ে দেয় পুলিশ। প্রয়োজনে তারা সুপ্রিম কোর্টের দ্বারস্থ হবে বলেও জানিয়েছেন।

অন্যদিকে রাজ্যপাল সি ভি আনন্দ বোস, যেকোনো শান্তিপূর্ণ অভিযানকে নিয়ে সুপ্রিম কোর্টের অবস্থান ফের একবার স্মরণ করিয়ে দেন। গতসন্ধ্যায় এক ভিডিও বার্তায় শ্রী বোস বলেন,

বাইট

আজকের অভিযানকে ঘিরে শাসকদল তৃণমূল কংগ্রেস অশান্তি আশঙ্কা করেছে। বাম ও বিজেপি একজোট হয়ে গন্ডগোল বাদানোর চেষ্টা চালাচ্ছে বলে দলের তরফে অভিযোগ করা হয়। তবে বিরোধী দুটি দলই স্পষ্ট জানিয়ে দিয়েছে যে, তারা এই কর্মসূচীর সঙ্গে জড়িত নয়।

--------------------------

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের কিনারায় সিবিআই তদন্তের মধ্যেই ৯ ই আগস্ট সকালের একটি ভিডিও প্রকাশ্যে এসেছে। এতে দেখা যাচ্ছে, দেহ উদ্ধারের পরই অকুস্থল সেমিনার রুমের ভেতরে ভিড় করে রয়েছেন পুলিশকর্তা, তৎকালীন অধ্যক্ষ সন্দীপ ঘোষের ঘনিষ্ঠ কয়েকজন সহ অনেকেই। ভিডিওটি ভাইরাল হতেই প্রমাণ লোপাট এবং ঘটনাটিকে চাপা দেওয়ার চেষ্টার অভিযোগ ফের জোরালো হয়েছে। এরপরই গতকাল লালবাজার থেকে এক

সাংবাদিক সম্মেলনে কলকাতা পুলিশের ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখোপাধ্যায় জানান, সেমিনার হলটি যথেষ্ট বড়। যেখানে দেহটি পড়েছিল, তার ৪০ ফুট অবধি জায়গা পুলিশ সঙ্গে সঙ্গে ঘিরে রাখে। ভিডিওটি ঐ ৪০ ফুটের বাইরের অংশ থেকে তোলা বলে তিনি দাবি করেন।

(বাইট – ইন্দিরা)

যদিও বিরোধী এবং আন্দোলনকারীরা পুলিশের এই বক্তব্য মানতে নারাজ। জায়গাটি কর্ডন করে রাখা হলেও কিভাবে অত সামনে থেকে মৃতদেহ এবং সেমিনার হলের ছবি ভাইরাল হল, তা নিয়ে প্রশ্ন উঠছে।

বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল পানিহাটিতে নির্যাতিতার বাড়িতে যান। পরে সাংবাদিকদের তিনি বলেন, যে ভিডিও সামনে এসেছে, তা থেকেই প্রমাণিত তথ্য কিভাবে লোপাট করা হয়েছে।

বাইট সুকান্ত

সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তীও একই আশঙ্কার কথা পুনর্ব্যক্ত করেছেন।

বাইট সুজন

সিজিও কমপ্লেক্সে গতকাল সন্দীপ ঘোষের পলিগ্রাফ টেস্ট করা হয়। আর জি করের আর্থিক দুর্নীতি নিয়ে নিজাম প্যালেসে অনেক রাত পর্যন্ত জিজ্ঞাসাবাদ করা হয় ফরেন্সিক মেডিসিন বিভাগের অধ্যাপক দেবাশিস সোমকে। জেরা চলে প্রাক্তন সুপার সঞ্জয় বশিষ্ঠেরও।

আর জি করের বর্তমান সুপার সপ্তর্ষি চট্টোপাধ্যায়ও গতকাল সিজিও কমপ্লেক্সে যান। এমএসভিপি হিসাবে তদন্তে পূর্ণ সহযোগিতা করা হবে বলে তিনি সাংবাদিকদের জানান।

**দেশে স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যুক্ত চিকিৎসক ও কর্মীদের নিরাপত্তা সুনিশ্চিত করার বিষয়ে সুপ্রীম কোর্টের গঠিত জাতীয় টাস্ক ফোর্স আজ তাঁদের প্রথম বৈঠকে বসবে।**

---------------------------

ধর্ষণের মত অপরাধ রুখতে এবং এধরনের মামলার দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কেন্দ্রীয় সরকার রাজ্যের জন্য ৬ টি পক্সো সহ মোট ১৭ টি বিশেষ ফাস্ট্র্যাক আদালত তৈরির অনুমতি দিলেও রাজ্য সরকার বিশেষ উদ্যোগ নেয়নি বলে কেন্দ্র জানিয়েছে। অপরাধ মোকাবিলায় কঠোর কেন্দ্রীয় আইন এবং বিশেষ ফাস্ট্র্যাক আদালত স্থাপনের প্রয়োজনের কথা জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে যে চিঠি দিয়েছিলেন, কেন্দ্রীয় নারী ও শিশু বিকাশ মন্ত্রী অন্নপূর্ণা দেবী, তার জবাবে লিখেছেন, পয়লা জুলাই থেকে সারা দেশে যে ভারতীয় ন্যায় সংহিতা বলবত্ হয়েছে, তাতে ধর্ষণের কঠোর সাজার সংস্থান রয়েছে। পক্সো আইনের অধীনে বকেয়া মামলার দ্রুত নিষ্পত্তির জন্য কেন্দ্রীয় সহায়তা পুষ্ট প্রকল্প শুরু হয়েছে ২০১৯-এর অক্টোবরে। ২০২৩-এর ৮ ই জুন পশ্চিমবঙ্গ সরকার এই প্রকল্পে যোগ দিয়ে ৭ টি ফাস্ট্র্যাক আদালত গঠনের কথা জানায়। পরে তাদের ১৭ টি আদালতের গঠনের অনুমোদন দেওয়া হলেও চলতি বছরের ৬ ই জুন পর্যন্ত মাত্র ৬ টি পক্সো আদালত চালু হয়েছে। বাকি ১১ টি আদালত গঠনে রাজ্য সরকার কোনো উদ্যোগই নেয়নি। পশ্চিমবঙ্গে ৪৮ হাজার ৬০০ টি ধর্ষণ ও পক্সো মামলা ঝুলে রয়েছে বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে। মন্ত্রী আরও বলেন, মহিলা ও শিশুদের সমস্যার কথা জানাতে এবং যথাযথ

ব্যবস্থা গ্রহণে কেন্দ্রের তরফে বেশ কয়েকটি হেল্পলাইন চালু করা হলেও দুর্ভাগ্যবশত পশ্চিমবঙ্গ সরকার তা চালু করেনি।

আর জি করের নিহত নির্যাতিতার পরিবারের প্রতি আন্তরিক ও গভীর সমবেদনা জানিয়ে অন্নপূর্ণা দেবী তাঁর চিঠিতে বলেছেন, পশ্চিমবঙ্গ সরকার মেয়েদের বিরুদ্ধে সবরকম বৈষম্য ও হিংসার অবসান ঘটাতে এবং তাদের জন্য নিরাপদ, সুরক্ষিত ও সমদৃষ্টির সমাজ তৈরি করতে উদ্যোগী হবে বলে তাঁর আশা।

---------------------------

টাটা কোম্পানী ন্যানো কারখানা গড়ে তোলার কাজ বন্ধ করে দেওয়ার পর অধিগৃহীত বন্ধ্যা জমিকে চাষযোগ্য করে তোলা অথবা সেখানে শিল্প গড়ার দাবি নিয়ে হুগলির সিঙ্গুরে আরো একবার আন্দোলনে নামতে চলেছেন কৃষকরা। ২০০৬ সালে বাম আমলে তৈরি হওয়া কৃষি জমি রক্ষা কমিটির অন্যতম মুখ দুধকুমার ধারার নেতৃত্বে আন্দোলনের জন্য কৃষকদের মধ্যে ইতিমধ্যেই ফরম বিলি শুরু হয়েছে। তাদের সই সংগ্রহ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির কাছে পাঠানো হবে। ৩০ শে আগস্ট থেকে এই কমিটি সিঙ্গুরে অবস্থান শুরু করবে বলে দুধকুমার ধারা জানিয়েছেন। তিনি বলেন, জমি চাষযোগ্য করে ফেরত দিতে হবে বলে ২০১৬ সালে সুপ্রিম কোর্ট যে রায় দিয়েছিল তারপরে এখনো সাড়ে ৬০০ থেকে ৭০০ একর জমি বন্ধ্যা হয়ে পড়ে রয়েছে। এমনকি জমির সীমানাও নির্ধারণ করা হয়নি বলে তার অভিযোগ। এখানকার ডিপ টিউবয়েলগুলিকে সৌর ব্যবস্থায় পরিবর্তন করা, জমি অধিগ্রহণের আগে কৃষকদের যে অধিকার ছিল তা ফিরিয়ে দেওয়া, নিকাশি ব্যবস্থা চালু করার দাবিও জানিয়েছেন তিনি।

এদিকে, সিঙ্গুরের ৯১ শতাংশ জমি চাষযোগ্য বলে সেখানকার বিধায়ক মন্ত্রিসভার সদস্য বেচারাম মান্না জানিয়েছেন।

---------------------------

বাজারে আলুর দাম নিয়ন্ত্রণে এবং ভিন রাজ্যে আলু রপ্তানির ওপর নজর রাখতে রাজ্য সরকার হিমঘরগুলিতে মজুত আলুর পরিমাণ সম্পর্কিত সাপ্তাহিক রিপোর্ট তলব করেছে। এই মর্মে রাজ্যের কৃষি বিপণন দফতর এক বিজ্ঞপ্তি জারি করেছে। এতদিন হিমঘরগুলিকে দুসপ্তাহ অন্তর মজুত আলুর পরিমাণ জানিয়ে কৃষি বিপণন দফতরকে রিপোর্ট দিতে হতো। এবার থেকে প্রতি সপ্তাহেই ওই রিপোর্ট পাঠাতে হবে। মোট কত আলু হিমঘর থেকে বের হল এবং আরও কত পরিমাণ মজুত রয়েছে তার সবই ওই রিপোর্টে উল্লেখ করতে বলা হয়েছে।

উল্লেখ্য, রাজ্যে পাইকারি বাজারে আলুর দাম বাড়ানো হবেনা এই শর্তে গত সপ্তাহে ব্যবসায়ীদের সাপ্তাহিক দু'লক্ষ টন আলু রফতানির অনুমতি দেওয়া হয়। সেই নির্দেশ মানা হচ্ছে কিনা তা দেখতেই এই উদ্যোগ।

---------------------------

দক্ষিণ বাংলাদেশ ও তার পার্শ্ববর্তী এলাকার ওপর সৃষ্ট নিম্নচাপ ক্ষেত্রটি সুস্পষ্ট আকার নিয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, ঝাড়খন্ড ও উত্তর ওড়িশার ওপর দিয়ে সেটির পশ্চিম-উত্তর-পশ্চিম দিকে সরে যাওয়ার সম্ভাবনা। এই নিম্নচাপের কেন্দ্রস্থল পর্যন্ত বিস্তৃত রয়েছে মৌসুমী অক্ষরেখা। এর প্রভাবে আজও দক্ষিণবঙ্গের অনেক জেলায় ভারি বৃষ্টি হতে পারে।

এর পাশাপাশি পূর্ব মধ্য ও সংলগ্ন উত্তর বঙ্গোপসাগরের ওপরেও আগামী বৃহস্পতিবার নাগাদ নতুন একটি নিম্নচাপ ক্ষেত্র তৈরির সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দপ্তর।

সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের আগামী ২৪ ঘন্ট মাছ ধরার ওপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। একটানা বৃষ্টির জেরে কমেছে তাপমাত্রাও।

--------------------------

মোহনবাগান সুপারজায়ান্ট আজ ডুরান্ড কাপ ফুটবলের দ্বিতীয় সেমিফাইনালে ব্যাঙ্গালুরু এফসির মুখোমুখি হবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল সাড়ে পাঁচটায়। গতবারের বিজয়ী মোহনবাগান কোয়ার্টার ফাইনালে পাঞ্জাব এফসিকে টাইব্রেকারে ৬-৫ গোলে হারিয়ে শেষ চারে উঠে আসে। অন্যদিকে, ব্যাঙ্গালুরু এফসি কেরালা ব্লাস্টার্স এর বিরুদ্ধে ১-০ গোলে জিতে সেমিফাইনালে পৌঁছয়।

এদিকে, শিলং লাজং এফ সিকে হারিয়ে নর্থ ইস্ট ইউনাইটেড এফ সি গতকাল ১৩৩ তম ডুরান্ড কাপ ফুটবলের ফাইনালে উঠেছে।

-------------------------- --------------------------